

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

নথি নং -২৭.০০.০০০০.০৮৩.০১৪.০৯.০০.১৭.২০১৫- ৪০২


তারিখঃ ০১-১১-২০১৫

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের সেপ্টেম্বর, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

গত ১৬-১০-২০১৫ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের সেপ্টেম্বর, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী ০৫-১১-২০১৫ তারিখের মধ্যে এ বিভাগে আবশ্যিকভাবে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযোজনীঃ বর্ণনামতে।


(মোহাম্মদ আসাদুজ্জামান সরকার)
সিনিয়র সহকারী প্রধান
ফোন- ৯৫৫৮৮৬৭

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৩। সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা (দৃঃ আঃ পরিচালক-৫)।
- ০৪। সচিব, আইএমইডি (শিল্প ও শক্তি) শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। বিভাগ প্রধান (কার্যক্রম) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৭। বিভাগ প্রধান (শক্তি) পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৮। চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৯। চেয়ারম্যান, আরইবি, জোয়ার সাহারা, শিলক্ষেত, ঢাকা।
- ১০। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা ঢাকা।
- ১১। উপ-সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিবি, ৫ম তলা, আইইবি ভবন (নিউ বিস্তিৎ), রমনা, ঢাকা।
- ১৩। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো, বনানী, ঢাকা।
- ১৪। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো, বিদ্যুৎ ভবন, বয়রা, খুলনা।
- ১৫। ব্যবস্থাপনা পরিচালক, আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোং লিঃ, আশুগঞ্জ, বি-বাড়ীয়া।
- ১৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
- ১৭। ব্যবস্থাপনা পরিচালক, ইজিসিবি, কাওরান বাজার, ঢাকা।
- ১৮। ব্যবস্থাপনা পরিচালক, NWPGL, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
- ১৯। ব্যবস্থাপনা পরিচালক, কোল পাওয়ার জেনারেশন কোং, ইউনিক হাইটস (লেভেল-১৭), রমনা, ঢাকা।
- ২০। প্রকল্প পরিচালক, উইন্ড ম্যাপিং রিসোর্স প্রকল্প, বিদ্যুৎ বিভাগ।
- ২১। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [কার্যবিবরণীটি এ বিভাগের Website এ সমিবেশ করার অনুরোধসহ]।
- ২২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপিঃ

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
- ৪। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
পরিকল্পনা শাখা-৩

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের সেপ্টেম্বর ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বিদ্যুৎ বিভাগের সচিব এর সভাপতিত্বে ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত বিদ্যুৎ বিভাগের উন্নয়ন প্রকল্পসমূহের সেপ্টেম্বর, ২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা ১৬-১০-২০১৫ তারিখে বিদ্যুৎ ভবনস্থ বিজয় হলে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখ্য সচিব মহোদয় উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট -'ক' তে দ্রষ্টব্য।

২.০। আলোচনা

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিদ্যুৎ বিভাগের যুগ্ম-প্রধান সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, ২০১৫-১৬ অর্থ বছরের এডিপি-তে বিদ্যুৎ বিভাগের বিভিন্ন সংস্থার আওতাভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে মোট ১৬,৪৮৫.১৭ কোটি টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে জিওবি ৭৩০০.০০ কোটি এবং প্রকল্প-সাহায্য ৯১৮৫.১৭ কোটি টাকা। প্রকল্পসমূহের বিপরীতে সেপ্টেম্বর, ২০১৫ পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১৬৫০.৫৪ কোটি টাকা যা মোট বরাদ্দের ১০.২৪%। প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে ৯৮২.২২ কোটি টাকা (১০.৯৪%) এবং জিওবি অর্থ ব্যয় হয়েছে ৬৬৮.৩১ কোটি টাকা (৯.৩৫%)। ভৌত অগ্রগতি হয়েছে ১৮.৮৯%। গত বছরের একই সময়ে এডিপি বাস্তবায়নের আর্থিক ও ভৌত অগ্রগতি ছিল যথাক্রমে ৫.২০% ও ১১.২৭%।

২.২। সভায় জানানো হয় যে, এডিপিভুক্ত মোট ৭০টি প্রকল্পের মধ্যে ৪টি প্রকল্পের অনুকূলে এখনো কোন বরাদ্দ দেয়া হয়নি। অন্যান্য প্রকল্পগুলোর মধ্যে ৩৮টি প্রকল্পের আর্থিক অগ্রগতি শূন্য, ১৪টি প্রকল্পের অগ্রগতি ১০% এর নিচে, ৬টি প্রকল্পের অগ্রগতি ১০-২০% এর মধ্যে এবং ১২টি প্রকল্পের অগ্রগতি ২০% এর বেশি। সভায় আরো জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগের আওতায় অনুমোদনের প্রক্রিয়াকরণের জন্য আরো ৬৬টি প্রকল্প আছে, যার মধ্যে একনেক-এ উপস্থাপনের জন্য পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন ৫টি প্রকল্প, পিইসি সভা হয়েছে ৪টি প্রকল্পের, আরো ৩টি প্রকল্পের ডিপিপি অনুমোদনের প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। এছাড়া এ বিভাগের প্রকল্প যাচাই কমিটির সভা হয়েছে ১৫টি প্রকল্পের যোগুলোর ডিপিপি পুনর্গঠনের জন্য সংস্থায় প্রক্রিয়াধীন আছে এবং ৩৯টি প্রকল্পের পিডিপিপি নীতিগত অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশন ও ইআরডিতে প্রেরণ করা হয়েছে।

২.৩। সভায় জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থাসমূহের প্রদেয় DSL এর পরিমাণ মোট ১২৬৮৬.১৩ কোটি যার মধ্যে পরিশোধ করা হয়েছে ৫২৭০.৬৯ কোটি (৪১.৫৫%) এবং অপরিশোধিত রয়েছে ৭৪১৫.৪৪ কোটি (৫৮.৪৫%) টাকা। সংস্থাসমূহের মধ্যে বিউবো ৩৮.৩০%, বাপবিবো ১০০%, পিজিসিবি ৬৩.২০%, ডিপিডিসি ১০.০৫%, ডেসকো ৮৫.৩৩%, ইজিসিবি ১৯.৩৩%, নওপাজেকো ১০০%, আরপিসিএল ৮৮.২২% এবং এপিএসসিএল ১০০% DSL পরিশোধ করেছে। অপরদিকে ওজোপাডিকো DSL এর কোন অর্থই পরিশোধ করেনি।

চলমান পাতা-২

২.৪। সভাপতি বলেন যে, চলতি ২০১৫-১৬ অর্থ বছরে বিদ্যুৎ বিভাগের অনুকূলে মোট ১৬,৪৮৫.১৭ কোটি টাকা বরাদ্দ আছে। এডিপি বরাদ্দের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের জন্য প্রকল্পসমূহের বাস্তবায়ন কাজ আরো গতিশীল করার লক্ষ্যে প্রকল্প পরিচালকগণসহ সংশ্লিষ্ট সকলকে আরো সচেষ্ট হতে হবে। তিনি বলেন যে, এডিপিভুক্ত প্রকল্পসমূহের যথাসময়ে মানসম্পন্ন বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প পরিচালক এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়ে গত ২২/০৮/২০১৫ তারিখে বিদ্যুৎ বিভাগের উদ্যোগে দিন ব্যাপি 'প্রজেক্ট ম্যানেজমেন্ট' বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কর্মসূচিতে সকল প্রকল্প পরিচালক ও পরিকল্পনা সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ গ্রহণ করেন, যা প্রকল্প বাস্তবায়নে সহায়ক হবে।

২.৫। মাননীয় প্রতিমন্ত্রী প্রকল্প বাস্তবায়নের সার্বিক অগ্রগতিতে অসন্তোষ প্রকাশ করে বলেন যে, ৫২টি প্রকল্পের অগ্রগতি ১০% এর নীচে। এসব প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম যথাযথভাবে পরিবীক্ষণের জন্য তিনি সংস্থা প্রধানগণকে নির্দেশনা প্রদান করেন।

২.৬। সভায় বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক প্রস্তাবিত সোলার পাওয়ার প্ল্যান্ট সম্পর্কে অবহিত করা হয়। প্রসঙ্গত জানানো হয় যে, আরপিসিএল প্রস্তাবিত "Mymensingh 5MWp Solar PV Power Plant Project" শীর্ষক সোলার প্রকল্পের ডিপিপি অনুমোদনের প্রক্রিয়াকরণের জন্য ২০/০৯/২০১৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। অপরদিকে বিউবো কর্তৃক বাস্তবায়নাধীন "ইন্সটলেশন অব অফ গ্রীড উইন্ড সোলার হাইব্রিড সিস্টেম উইথ ড্রাইভেন/ডিজেল বেইজড ইঞ্জিন স্টিভেন জেনারেটর ইন হাতিয়া আইল্যান্ড" প্রকল্পের সংশোধিত ডিপিপি বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আরডিপিপিতে ব্যাটারী সংযোজনের প্রস্তাব করায় প্রকল্প ব্যয় ৭০ কোটি টাকার অধিক বৃদ্ধি পাওয়ায় প্রকল্প যাচাই কমিটির সভায় ব্যাটারী বাদ দিয়ে ডিপিপি সংশোধনের সিদ্ধান্ত হয়েছে। এ প্রসঙ্গে সভাপতি বলেন যে, হাতিয়াকে জাতীয় বিদ্যুৎ গ্রিডে সংযুক্তকরণের বিষয় বিবেচনাধীন রয়েছে। ফলে প্রস্তাবিত হাতিয়া সোলার প্রকল্পে ব্যাটারী সংযোজন করা সমীচীন হবে না। আলোচনায় অংশ নিয়ে মুখ্য সচিব মহোদয় বলেন যে, আরপিসিএল প্রস্তাবিত সোলার প্রকল্পের স্থানটি মূলতঃ একটি কনভেনশনাল বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য উন্নয়ন করা হয়েছিল। কাজেই উক্ত স্থানে একটি ডুয়েল ফুয়েল ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের বিষয়ে কার্যক্রম গ্রহণ করা যেতে পারে এবং সোলার পাওয়ার প্ল্যান্ট অন্য কোন সুবিধাজনক স্থানে স্থাপন করা যেতে পারে। তিনি এ মুহূর্তে হাতিয়াকে জাতীয় বিদ্যুৎ গ্রিডে সংযুক্ত করার পরিবর্তে সেখানে ডিজেল ভিত্তিক একটি ছোট আকারের বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেয়ার পরামর্শ প্রদান করেন।

২.৭। মুখ্য সচিব মহোদয় বলেন, বাস্তবায়নাধীন প্রকল্পগুলো যাতে নির্দিষ্ট সময়ে সম্পন্ন করা যায় সে জন্য সংশ্লিষ্ট সকল সংস্থাকে টাইম লাইন বেধে দিতে হবে। তিনি প্রকল্পের অনুমোদন প্রক্রিয়াকরণ ত্বরান্বিত করার জন্যও টাইম বাউন্ড একশন প্ল্যান প্রস্তুত করে সে অনুসারে ব্যবস্থা নেয়ার জন্য পরিকল্পনা কমিশনসহ সংশ্লিষ্ট সকলের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষার পরামর্শ প্রদান করেন। সভায় উপস্থাপিত সংস্থাগুলোর ডিএসএল পরিশোধ সম্পর্কে মুখ্য সচিব মহোদয় বলেন যে, সকল সংস্থাকে ডিএসএল এর অর্থ পরিশোধের ব্যবস্থা নিতে হবে। মুখ্য সচিব মহোদয় প্রি-পেইড মিটারের খোলা বাজারে ছেড়ে দেয়ার বিষয়টি অবতারণা করলে সভায় উপস্থিত মাননীয় প্রতিমন্ত্রী বিষয়টি সমর্থন করে উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সদয় নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন বিতরণ সংস্থাসমূহ বিদ্যুৎ লাইন আপগ্রেডেশন, গ্রাহক সংযোগ প্রদান, ভোল্টেজ মেশিন স্থাপন ও প্রি-পেইড মিটারের স্ট্যান্ডার্ড নির্ধারণ করে দিবে। গ্রাহকগণ স্ট্যান্ডার্ড অনুসারে খোলা বাজার থেকে প্রি-পেইড মিটার ক্রয় করবে। মাননীয় প্রতিমন্ত্রী আগামী ২ সপ্তাহের মধ্যে সংস্থাসমূহ থেকে প্রি-পেইড মিটার বাজারে উন্মুক্ত করার বিষয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। সভায় জানানো হয় যে, ইতোমধ্যে বিউবো ৯ লক্ষ, ডিপিডিসি ২ লক্ষ, ডেসকো ২ লক্ষ এবং ওজোপাডিকো ৩১ হাজার মিটার ক্রয়ের জন্য টেন্ডার আহ্বান করেছে।

এছাড়া চায়না কনসেশনাল লোনের (জি টু জি) আওতায় ৫০ লক্ষ প্রি- পেইড মিটার ক্রয়ের উদ্দেশ্যে একটি চায়না কোম্পানির সাথে বাপবিবোর নেগোসিয়েশন কার্যক্রম চলমান রয়েছে। উক্ত প্রেক্ষিতে মুখ্য সচিব মহোদয় অভিমত ব্যক্ত করেন যে, বর্ণিত প্রি-পেইড মিটার ক্রয় কার্যক্রম সংস্থাসমূহ প্রয়োজনে অব্যাহত রাখতে পারবে। তিনি আবাসিক মিটারের পাশাপাশি ইন্ডাস্ট্রিয়াল ও বাণিজ্যিক মিটার স্থাপনের বিষয়েও গুরুত্বারোপ করেন।

৩.০। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	প্রি-পেইড মিটার নির্দিষ্ট সময়ের মধ্যে স্থাপন করার লক্ষ্যে বিতরণ সংস্থাসমূহ বিদ্যুৎ লাইন আপগ্রেডেশন, গ্রাহক সংযোগ প্রদান, ভোল্টেজ মেশিন স্থাপন ও প্রি-পেইড মিটারের স্ট্যান্ডার্ড নির্ধারণ করে দিবে। গ্রাহকগণ স্ট্যান্ডার্ড অনুসারে খোলা বাজার থেকে প্রি-পেইড মিটার ক্রয় করবে। সংস্থাসমূহ আগামী ০১-১১-২০১৫ তারিখের মধ্যে প্রি-পেইড মিটার বাজারে উল্লুস্ত করার বিষয়টি পরীক্ষান্তে বিদ্যুৎ বিভাগে পূর্ণাঙ্গ প্রস্তাবনা প্রেরণ করবে।	সকল বিতরণ সংস্থা
৩.২	ডিএসএল এর অর্থ পরিশোধের বিষয়ে সংশ্লিষ্ট সংস্থাসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। বিদ্যুৎ বিভাগ (প্রশাসন অধিশাখা) নিয়মিত মনিটর করবে।	সকল সংস্থা প্রশাসন অধিশাখা বিদ্যুৎ বিভাগ
৩.৩	স্বল্প অগ্রগতিসম্পন্ন প্রকল্পগুলো যাতে নির্দিষ্ট সময়ে সমাপ্ত করা যায় সে বিষয়ে সংস্থা প্রধানগণ পরিবীক্ষণ কার্যক্রম জোরদার করবে।	সকল সংস্থা প্রধান
৩.৪	প্রকল্পের টেন্ডার মূল্যায়নের কাজ সম্পন্নকরণের জন্য বিদ্যুৎ বিভাগ সময়সীমা নির্ধারণপূর্বক সার্কুলার জারী করবে।	উন্নয়ন অনুবিভাগ বিদ্যুৎ বিভাগ
৩.৫	আরপিসিএল প্রস্তাবিত "Mymensingh 5MWp Solar PV Power Plant Project" শীর্ষক প্রকল্পের স্থানে একটি ডুয়েল ফুয়েল ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের বিষয়ে কার্যক্রম গ্রহণ করবে। সেক্ষেত্রে প্রস্তাবিত "Mymensingh 5MWp Solar PV Power Plant Project" প্রকল্পটি অন্য কোন সুবিধাজনক স্থানে স্থাপনের বিষয় বিবেচনা করা যেতে পারে।	আরপিসিএল
৩.৬	হাতিয়ায় বিউবো কর্তৃক প্রস্তাবিত "ইন্সটেলশন অব অফ গ্রীড উইন্ড সোলার হাইব্রিড সিস্টেম উইথ ডাইভেন/ডিজেল বেইজড ইঞ্জিন সিস্টেম জেনারেটর ইন হাতিয়া আইল্যান্ড" প্রকল্প বাস্তবায়নের পরিবর্তে ডিজেল ভিত্তিক একটি ছোট আকারের বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্যোগ নিতে হবে।	বিউবো

৪.০। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-২৮-১০-২০১৫
(মনোয়ার ইসলাম)
সচিব